

রাজশাহী বিশ্ববিদ্যালয়
D - ইউনিট (জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ এবং কৃষি অনুষদ)



২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুক উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেধাভিত্তিক প্রাথমিক ফলাফল ও সাক্ষাৎকার সংক্রান্ত বিজ্ঞপ্তি

২২.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত D-ইউনিট-এর (জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ এবং কৃষি অনুষদ) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে প্রাপ্ত নম্বর অনুযায়ী মেধার ভিত্তিতে বিজ্ঞান গ্রুপ-১ এর প্রথম ২০০০, বিজ্ঞান গ্রুপ-২ এর প্রথম ২০০০, অ-বিজ্ঞান গ্রুপ-১ এর প্রথম ২৫০ এবং অ-বিজ্ঞান গ্রুপ-২ এর প্রথম ২৫০ জন ভর্তিচ্ছুক পরীক্ষার্থীদেরকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হলো। প্রাথমিকভাবে নির্বাচিত পরীক্ষার্থীদেরকে আগামী ০৫.১১.২০১৮ থেকে ১৫.১১.২০১৮ পর্যন্ত বিষয় পছন্দক্রম ফরম অনলাইনে পূরণ করতে হবে। নির্বাচিত পরীক্ষার্থীদের সাক্ষাৎকার সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত নিম্নে উল্লিখিত তারিখ ও স্থানে গ্রহণ করা হবে। উল্লিখিত দুই দিনের মধ্যে যে কোন একদিন সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে। প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে।

সাক্ষাৎকারের তারিখ	সাক্ষাৎকার গ্রহণের স্থান	গ্রুপ	সাক্ষাৎকারের জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের মেধাক্রম	সংখ্যা
১৮.১১.২০১৮ এবং ১৯.১১.২০১৮	মনোবিজ্ঞান বিভাগ ২য় বিজ্ঞান ভবন- ৩য় তলা	গ্রুপ-১ বিজ্ঞান	০০১ - ৫০০	৫০০ জন
	ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ ২য় বিজ্ঞান ভবন- ৩য় তলা	গ্রুপ-১ বিজ্ঞান	৫০১ - ১০০০	৫০০ জন
	চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগ ২য় বিজ্ঞান ভবন- ৪র্থ তলা	গ্রুপ-১ বিজ্ঞান	১০০১ - ১৫০০	৫০০ জন
	উদ্ভিদ বিজ্ঞান বিভাগ ৩য় বিজ্ঞান ভবন- নীচ তলা	গ্রুপ-১ বিজ্ঞান	১৫০১ - ২০০০	৫০০ জন
১৮.১১.২০১৮ এবং ১৯.১১.২০১৮	প্রাণিবিদ্যা বিভাগ ৩য় বিজ্ঞান ভবন- ৩য় তলা	গ্রুপ-২ বিজ্ঞান	০০১ - ৫০০	৫০০ জন
	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ ৩য় বিজ্ঞান ভবন- ৪র্থ তলা	গ্রুপ-২ বিজ্ঞান	৫০১ - ১০০০	৫০০ জন
	ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ কৃষি অনুষদ ভবন- ২য় তলা	গ্রুপ-২ বিজ্ঞান	১০০১ - ১৫০০	৫০০ জন
	ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস বিভাগ কৃষি অনুষদ ভবন- ৩য় তলা	গ্রুপ-২ বিজ্ঞান	১৫০১-২০০০	৫০০ জন
১৮.১১.২০১৮ এবং ১৯.১১.২০১৮	ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ ৩য় বিজ্ঞান ভবন- নীচ তলা	গ্রুপ-১ অ-বিজ্ঞান	০০১ - ২৫০	২৫০ জন
		গ্রুপ-২ অ-বিজ্ঞান	০০১ - ২৫০	২৫০ জন

- (ক) কোন পরীক্ষার্থী নির্দিষ্ট তারিখ, সময় ও স্থানে সাক্ষাৎকারে উপস্থিত হতে ব্যর্থ হলে পরবর্তীতে কোনক্রমেই তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।
- (খ) সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্বাচিত পরীক্ষার্থীদেরকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) ০৫.১১.২০১৮ থেকে ১৫.১১.২০১৮ তারিখের মধ্যে “Subject (Department) Choice Form” পূরণ করে প্রিন্ট নিতে হবে। নির্ধারিত সময়ে “Subject (Department) Choice Form” পূরণ না করলে, সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে পারবে না।
- (গ) সাক্ষাৎকারের সময় পরীক্ষার্থীদেরকে নিম্নলিখিত কাগজপত্রের মূল কপি অবশ্যই দেখাতে হবে, অন্যথায় তার সাক্ষাৎকার গ্রহণ করা হবে না এবং ভর্তির জন্য তার নির্বাচন বাতিল বলে গণ্য হবে।
- (১) পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (Candidate copy)।
 - (২) এস.এস.সি./সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ড।
 - (৩) পূরণকৃত “Subject (Department) Choice Form” [বিষয় পছন্দক্রম ফরম]- এর কপি।
- (ঘ) সাক্ষাৎকার গ্রহণের পর বিভিন্ন বিভাগে ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা ২১.১১.২০১৮ তারিখের মধ্যে জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।
- (ঙ) আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে অপেক্ষমান তালিকা অনুষদের নোটিশ বোর্ডে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।

বিঃ দ্রঃ Subject (Department) Choice Form পূরণে বিবেচ্য বিষয়সমূহ:

- (১) বিজ্ঞান গ্রুপের যে সকল প্রার্থীর এইচ.এস.সি-তে জীববিজ্ঞান ছিল এবং ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশে জীববিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা **D-ইউনিটের ২টি** অনুষদভুক্ত সকল বিভাগেই ভর্তির জন্য “**বিষয় পছন্দক্রম ফরম**” পূরণ করতে পারবে।
- (২) যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশে গণিত বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান, ভূতত্ত্ব ও খনিবিদ্যা, এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে।
- (৩) যে সকল পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় ঐচ্ছিক অংশে মনোবিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা মনোবিজ্ঞান এবং চিকিৎসা মনোবিজ্ঞান বিভাগে, এবং যারা ভূগোল বিষয়ে পরীক্ষা দিয়েছে তারা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে ভর্তি হতে পারবে।
- (৪) অ-বিজ্ঞান গ্রুপের পরীক্ষার্থীরা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে।

(প্রফেসর ড. এম. নজরুল ইসলাম)

চীফ কো-অর্ডিনেটর

D-ইউনিট, ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০১৮-২০১৯

ও

ডীন, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়